

২০২৪

চতুর্থ সেমিস্টার

বাংলা — সাধারণ

পত্র : LCC(2)-1

(বাংলা ভাষাবিজ্ঞান, সাহিত্যের রূপভেদ ও কাব্য)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) আগন্তুক বা কৃতঞ্চ শব্দ কাকে বলে? এই শ্রেণির শব্দের বিভাজনগুলি নির্দেশ করো। বাংলা শব্দভাণ্ডারে এই শ্রেণির শব্দগুলির গুরুত্ব বিশ্লেষণ করে দেখাও। ২+২+৬

অথবা,

- (খ) সংজ্ঞা ও উদাহরণসহ বাংলা ভাষার ধ্বনিপরিবর্তনের যে-কোনো দুটি সূত্র সম্পর্কে আলোচনা করো। ১০

- ২। (ক) ঐতিহাসিক উপন্যাস বলতে কী বোঝানো হয়? ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্যগুলি নির্দেশ করো। যে-কোনো একটি ঐতিহাসিক উপন্যাসের বৈশিষ্ট্য সংক্ষেপে আলোচনা করো। ২+৪+৪

অথবা,

- (খ) গীতিকবিতার বৈশিষ্ট্যগুলি যে-কোনো একটি বাংলা গীতিকবিতার উদাহরণসহ বিশ্লেষণ করে দেখাও। ১০

- ৩। (ক) মেঘনাদবধ কাব্যের প্রথম সর্গ অবলম্বনে রাবণ চরিত্রটি বিশ্লেষণ করো। ১০

অথবা,

- (খ) ‘মেঘনাদবধ কাব্য’-এর প্রথম সর্গে রাবণের রাজসভার যে ঐশ্বর্যময় বিবরণ রয়েছে তাৎপর্যসহ তার বর্ণনা দাও। ১০

- ৪। উদাহরণসহ সংজ্ঞা দাও—

- (ক) বিষমীভবন ৫

অথবা,

- (খ) মহাপ্রাণীভবন। ৫

৫। (ক) ট্রাজেডি নাটকের বৈশিষ্ট্যগুলি সংক্ষেপে লেখো।

৫

অথবা,

(খ) রোমান্স বলতে কী বোঝানো হয় আলোচনা করে বুঝিয়ে দাও।

৫

৬। (ক) এক পুত্রশোকে তুমি আকুলা, ললনে,

শত পুত্রশোকে বুক আমার ফাটিছে দিবানিশি!

— প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশটির তাৎপর্য নির্দেশ করো।

৫

অথবা,

(খ) বীরবাহুর মৃত্যু প্রথম সর্গের মুখ্য ঘটনা। কিন্তু মেঘনাদ চরিত্রটির প্রথম সর্গে গুরুত্ব কোথায় আলোচনা করে দেখাও।

৫

৭। (ক) টীকা লেখো—

নাসিকীভবন

৫

অথবা,

(খ) বাংলা ছোটগল্পের কয়েকটি মৌলিক বৈশিষ্ট্য আলোচনা করো।

৫

অথবা,

(গ) “শোকের ঝড় বহিল সভাতে।

সুর-সুন্দরীর রূপে শোভিল চৌদিকে

বামাকুল; মুক্তকেশ মেঘমালা, ঘন

নিশ্বাস প্রলয়-বায়ু; অশ্রুবারি ধারা

আসার; জীমূত-মল্ল হাহাকার রব!”

—প্রসঙ্গটি ব্যাখ্যা করো।

৫

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও।

১×১৫

(ক) তদ্ভব শব্দ বলতে কী বোঝানো হয়?

(খ) ‘নেমন্তন্ন’ কী ধরনের শব্দ?

(গ) বড় দাদা > বড়দা — কী ধরনের ধ্বনি পরিবর্তন?

(ঘ) ‘মন্দির’ শব্দটির অর্থগত পরিবর্তন নির্দেশ করো।

(ঙ) ‘গলে জল হয়ে গেছে’ — বাক্যটির বিপর্যাস নির্দেশ করো।

- (চ) 'দোস্ত', 'ওস্তাদ' কী ধরনের শব্দ?
- (ছ) 'সূর্য' কী জাতীয় শব্দ?
- (জ) রবীন্দ্রনাথ ঠাকুরের একটি প্রবন্ধ গ্রন্থের নাম লেখো।
- (ঝ) একটি বাংলা পৌরাণিক নাটকের নাম লেখো।
- (ঞ) একটি বাংলা কমেডি নাটকের নাম লেখো।
- (ট) 'মেঘনাদবধ' কাব্যে 'বারুণী' কী কাজে ব্যবহৃত হয়েছেন?
- (ঠ) 'ধন্য রক্ষঃপতি নৈকষেয়' — 'নৈকষেয়' কে?
- (ড) মেঘনাদের মায়ের নাম কী?
- (ঢ) 'শোকের ঝড় বহিল সভাতে!' — কোন অলঙ্কার?
- (ণ) একটি বাংলা ঐতিহাসিক নাটকের নাম লেখো।
-